NYC™ Consumer Affairs

Bill de Blasio
Mayor

Lorelei Salas
Commissioner

Bengali



# 10 Things Every Consumer Should Know

## #1 একটি ব্যবসার অনুমতিপত্রের অবস্থান এবং কৃত অভিযোগের ইতিহাস যাচাই করুন

বহু ডজন নানা প্রকারের শিল্পের প্রতি DCA ব্যবসা করবার অনুমতিপত্র দিয়ে থাকে। যদি যাচাই করতে হয় যে কোন একটি ব্যবসার বৈধ অনুমতিপত্র আছে কিনা তবে সেটি দেখার জন্য **nyc.gov/consumers** যান। আপনি নির্দিষ্ট কাজের সময়ে **311**–এই নম্বরে কল করে লাইনটি DCA –কে হস্তান্তর করতে বলতে পারেন এবং যে কোন ব্যবসার ক্ষেত্রে সাম্প্রতিক অনুমতিপত্রের সঠিক অবস্থান অথবা যে কোন ক্রেতা-কৃত অভিযোগের ইতিহাস যাচাই করে নিতে পারেন। যদি আপনি যে প্রকার ব্যবসার অনুমতিপত্রের সন্ধান করছেন, সেই প্রকার অনুমতিপত্র সেই ব্যবসাটির প্রতি DCA লব্ধ না করে থাকে, তবে আমরা যাতে কোন রকমে যদি সেইটি অন্য কোন শহরের, দেশের, রাজ্যের, অথবা কেন্দ্রীয় এজেন্সীর দ্বারা নিয়ন্ত্রিত হয় তা যাচাই করে দেবার জন্য আপনাকে সহায়তা করব, যাতে আপনি আরও বেশী শিক্ষা নিতে পারেন।

## #2 স্টোরগুলি রিফান্ড পলিসি এবং ক্রেডিট কার্ডের সীমা সম্বন্ধীয় কোন তথ্য, যেটি টাঙ্গানো বাধ্যতামূলক, এইগুলি সম্বন্ধে খোঁজ নিন

- **রিফান্ড পলিসি স্বাক্ষর:** স্টোরগুলি তাদের নিজেদের জন্য রিফান্ড পলিসি তৈরী করে নিতে পারে, কিন্তু যে কোন একটি তালিকা অবশ্যই নিবন্ধন স্থানের কাছে টাঙ্গিয়ে রাখবে, যেখানে আপনি সহজেই সেটি দেখতে পান। টাঙ্গিয়ে রাখা চিহ্নটি অবশ্যই রিফান্ড পাবার এবং বদল করবার সমস্ত শর্তগুলিকে বিশ্লেষণ করবে, যেমন স্টোরটি রিস্টক করবার ফি নেয় কিনা, রসিদ লাগে কিনা, ফেরতের ক্ষেত্রে কোন সময়সীমা আছে কিনা, অথবা নগদে বা ক্রেডিটে বা স্টোর ক্রেডিট-এ রিফান্ড দেয় কিনা। যদি কোন রিফান্ড নেই এমন কর্মসূচী টাঙ্গিয়ে রাখা হয়, আপনি 30 দিনের মধ্যে যে কোন প্রকরণ ফেরত দিতে পারেন, এবং সেই ব্যবসা ক্ষেত্রটি অবশ্যই আপনাকে নগদে বা ক্রেডিটে কেনবার জন্য বেছে নেবার সুযোগ দেবে।
- **ক্রেডিট কার্ড-এর সীমাবদ্ধতার চিহ্নগুলি:** যদি কোন ব্যবসায়ে ক্রেডিট কার্ড ব্যবহারে নির্ধারিত সীমাবদ্ধতা থাকে, যেমন ন্যূনতম পরিমাণের ক্রয় ব্যবহার, সেই ক্ষেত্রে স্টোর অবশ্যই উভয়ত নিবন্ধন স্থানে এবং সামনের প্রবেশ পথে স্পষ্ট ভাবে কর্মসূচী টাঙ্গিয়ে রাখতে হবে।

## #3 দাম দেখে নিন, যেটি স্টোরগুলি যেকোন জিনিস বা পরিসেবার প্রেক্ষিতে অবশ্যই টাঙ্গিয়ে রাখবে।

ব্যবসায়ে যে জিনিসগুলি বিক্রয় হয়, হয় জিনিসটির গায়ে অথবা যেখানে সেটি প্রদর্শন করা হচ্ছে সেই স্থানে সেইগুলির দাম অবশ্য করে টাঙ্গিয়ে দেওয়া উচিত। কোন জিনিসের দাম স্থির করে দেওয়া দামের থেকে বেশী নেওয়া বা চার্জ করা আইনত অবৈধ। ব্যবসায়ে যে পরিসেবাগুলি বিক্রয় হয়, উদাহরণ হিসাবে বলা যায় স্যালোন-গুলি বা ড্রাই ক্লিনারস-দের ক্ষেত্রে অর্ডার নিবন্ধনের স্থানে বা যেখানে অর্ডার নেওয়া হচ্ছে সেখানে সেইগুলির বিক্রয়ের দাম অবশ্য করে টাঙ্গিয়ে দেওয়া উচিত। একই পরিসেবার জন্য পুরুষ এবং মহিলাদের ক্ষেত্রে আলাদা আলাদা দাম চার্জ করা অবৈধ, যদিও মূল্যতালিকায় হয়ত অন্যান্য কারণজনিত দামের তফাতগুলির উল্লেখ করা থাকতে পারে। উদাহরণ হিসাবে বলা যায়, একজন ড্রাই ক্লিনার "পুরুষদের শার্ট" এবং "মহিলাদের শার্ট" এর ক্ষেত্রে আলাদা দাম ধার্য করতে পারে না, কিন্তু শার্ট-এর শারিরীক তফাতের প্রতি ভিত্তি করে দাম আলাদা হতে পারে (অসম মাপ অথবা অন্যান্য ভৌত বিশেষত্ব যেমন পোশাকে ব্যবহৃত চুমকি বা অন্য চকচকে চাকতির জন্য, কাপড়ে কুঁচি বা চুনোট বেশি হলে, অথবা উজ্জ্বল, কারুকার্য করা বর্ণাঢ্য বোতাম থাকলে)

## #4 রিসিপ্ট চেয়ে নিন

NYC -তে, একটি ব্যবসায়ে $20 –এর বেশী দামের কিছু কিনলে অবশ্যই স্বয়ংক্রিয় ভাবে আপনাকে রিসিপ্ট দেওয়া হবে, এবং যদি আপনার ক্রয় মূল্য $5 এবং $20 -এর মধ্যে অবস্থান করে তবে আপনি চাইলে আপনাকে রিসিপ্ট দেওয়া হবে। সেই রিসিপ্ট-এ হয়ত আপনার ক্রেডিট কার্ডের মেয়াদ-তারিখ নাও লেখা থাকতে পারে তবে এতে যেইগুলি লিখিত থাকে বাধ্যতামূলক সেইগুলি হল:

- ব্যবসার নাম এবং ঠিকানা, এবং যদি DCA –এর, "ডিপার্টমেন্ট অফ কনজিউমার অ্যাফেয়ার্স", অনুমতিপত্রের দাবীদার হয় তবে সেটি, এবং তার অনুমতি পত্রের ক্রম-নম্বর
- প্রতিটি জিনিসের জন্য কত পরিমাণ অর্থ দেওয়া হয়েছে
- মোট কত পরিমাণ অর্থ দেওয়া হয়েছে, একটি আলাদা লাইনে যদি কোন ট্যাক্স প্রয়োগ হয় তবে সেটির উল্লেখও থাকবে
- ক্রয়ের তারিখ

- যদি $100 –পরিমাণ মুল্যের বেশী কোন প্রকার ইলেকট্রনিক জিনিস কেনা হয় তবে সেটি কোন কোম্পানীর তৈরী তার নাম তার মডেল এবং বিবরণ

DCA –এতে কোন অভিযোগ দাখিল করতে গেলে আপনার প্রয়োজনীয় রিসিপ্টের দরকার।

## #5 ভুয়ো বিজ্ঞাপন এবং ধোঁকা খাওয়ার হাত থেকে সাবধান

বিক্রয়ের জন্য বিজ্ঞাপনগুলিতে নাম, প্রকারভেদ, বিক্রয়-বস্তুর আকার/মাপ, এবং এর সাথে যদি কোন সীমাবদ্ধতা থেকে থাকে, যেটি হয়ত ফাইন প্রিন্ট-এ থাকে না, এই সমস্ত বিষয়গুলির বিস্তারিত বিবরণ আবশ্যক। "বেইট অ্যান্ড সুইচ" বিজ্ঞাপনটি, যেটি সাধারণ ভাবে সঞ্চয়ের বিষয়ে অঙ্গীকার করে থাকে অথচ আপনি যখন স্টোরগুলিতে গিয়ে দেখেন সেটি বাস্তবে অলভ্য, এই ধরনের বিজ্ঞাপন প্রচার অবৈধ। স্টোরগুলিতে 'রেয়াতি বিক্রয়' চিহ্নিতে স্পষ্ট ভাবে 'রেয়াতি বিক্রয়ের আগের মূল্য' প্রদর্শন করা বাধ্যতামূলক। এবং সেইটি যথেষ্ট পরিমাণে লভ্য হওয়া উচিত। যদি কোন স্টোর বিজ্ঞাপিত করে থাকে যে এটিতে আগুন, ধোঁয়া, অথবা জল দ্বারা ক্ষতিগ্রস্ত পণ্যের বা সাধারণ দামে ব্যবসার অযোগ্য কোন পণ্যের, লিকুইডেটিং, মেয়াদপুর্তি হয়ে যাওয়া পণ্য, অথবা এটি সংস্কার হচ্ছে বলে এমন কারণবশত কোন প্রকার বিশেষ ধরণের রেয়াতি বিক্রয় চলছে, তবে সেই স্টোর অবশ্যই আগে থেকে DCA -এর কাছ থেকে বিশেষ অনুমতিপত্রের ব্যবস্থা করে রাখবে এবং এটি বাধ্যতামূলক। যে কোন প্রস্তাবের জন্য সব থেকে ভালো নিয়ম-বিধি হল যদি এটি দেখে মনে হয় এর গুণমান সত্যই ভালো, তবে সেটির ক্ষেত্রে তাই হওয়া উচিত।

## #6 স্কেল-গুলি, গ্যাসপাম্পগুলি, এবং ঘর গরম করবার তেল বিতরণকারী ট্রাকগুলির ক্ষেত্রে DCA শীলমোহর বা সীল দেখে নিন যাতে বোঝা যায় যে তারা পরিদর্শণে উত্তীর্ণ হয়েছে।

যাথার্থতার বিচার করবার জন্য DCA সমস্ত স্টোর এবং এয়ারপোর্ট-এ ব্যবহৃত স্কেল-গুলিকে পরিদর্শণ করে দেখে। NYC গ্যাস স্টেশন-গুলি এবং বিতরনকারী ট্রাকগুলির দ্বারা নির্গত গ্যাসলিনের মাপের যাথার্থতা এবং গুণমানের বিচার করবার জন্য DCA এইগুলিকেও পরিদর্শণ করে দেখে। স্টোরগুলিতে স্কেল থাকা আবশ্যক যাতে আপনি প্রতি পাউন্ডের ওজন এবং দাম দেখতে পান, এবং তারা অবশ্যই পাত্রের ওজন অথবা "টার" ওজন করা জিনিসটির থেকে বাদ দিয়ে দাম ধরেন।

## #7 আপনার পরিচয় নিরাপদে রাখুন

কোন ফোনে, ইমেল-এ অথবা লিখে, বা কোন সোশাল মিডিয়া সাইটে কখনওই কোন ব্যক্তিগত তথ্য কাউকে দেবেন না, বিশেষত যদি আপনি কোন সর্বজনীন কম্পিউটার বা ওয়াই-ফাই ব্যবহার করেন। কাউকে কোন ব্যক্তিগত তথ্য সম্বলিত কোন কাগজ দেবেন না। আপনার কম্পিউটার, ট্যাবলেট এবং স্মার্ট ফোন ভাইরাস, 'ম্যালওয়ার' ইত্যাদির থেকে নিরাপত্তা এবং ফায়ারওয়াল সফটওয়্যারের দ্বারা সুরক্ষিত রাখুন। **annualcreditreport.com** –এই ওয়েবসাইটে গিয়ে কোন প্রকার অস্বাভাবিক কাজকর্মের বিষয়ে দেখার জন্য প্রতি বছর আপনার ফ্রি ক্রেডিট রিপোর্ট পর্যালোচনা করুন যদি আপনি কোন প্রকারে পরিচয়-সংক্রান্ত চুরির শিকার হয়ে থাকেন, তবে আপনার ক্রেডিট রিপোর্ট-এ একটি জালিয়াতির সতর্কতার উল্লেখ করুন এবং এই চুরিটির বিষয়ে ফেডারাল ট্রেড কমিশন-কে (FTC) **ftc.gov/idtheft** –এই ওয়েবসাইটের ঠিকানায় জানান। এবং আপনার স্থানীয় পুলিশ থানাতেও জানান।

## #8 কোন চুক্তির ক্ষেত্রে সেইগুলি সঠিক ভাবে খুঁটিয়ে পড়ুন, আলোচনা করে নিন এবং যত্নের সাথে পর্যালোচনা করুন।

কোন মূল্যবাণ দ্রব্য বা পরিসেবা ক্রয় করার আগে সুপারিশের জন্য জিজ্ঞাসা করুন বা যাচাই করুন। সবচেয়ে ভাল লেনদেন পাবার চেষ্টা করবার জন্য মুক্ত মনে আলোচনা করুন। সবসময় স্বাক্ষর করবার আগে চুক্তিপত্রগুলি ভাল করে পড়ে দেখে নিন এবং এটি নিশ্চিত করুন যে সমস্ত লিখিত নথিতে রয়েছে যা কিছু তা মুখ্য বিবরণে আপনি যা অঙ্গীকার করেছেন তার সাথে মিলে যায়। যেই ধরনের বিক্রয় প্রচেস্টাগুলি অতিরিক্ত আগ্রাসী অথবা আপনাকে অস্বস্তিতে ফেলে সেইগুলির থেকে দূরে থাকুন। এবং কখনওই যেটি আপনি বুঝতে পারছেন না অথবা যেটির কোন স্থান খালি আছে যেখানে অন্য কেউ পরে পূরণ করে দিতে পারে এমন কোন নথিতে স্বাক্ষর করবেন না।

## #9 আপনি আপনার ঋণ সঠিক উপায়ে নিয়ন্ত্রণ করুন, আপনার আর্থিক অবস্থাও নিয়ন্ত্রণে রাখুন।

যদি আপনি ঋণ-গ্রস্ত হয়ে পড়েন বা এর সাথে সংগ্রাম করেন, তবে বিনামূল্যে একটি সাক্ষাতকারের জন্য **কল করুন 311**–এই নম্বরে। ব্যক্তিবিশেষে এক এক করে আর্থিক পরামর্শ পাওয়া যাবে শহরের যে কোন একটি ফিনান্সিয়াল এম্পাওয়ারমেন্ট সেন্টারে। পেশাদার পরামর্শদাতা আপনাকে ঋণ-সংগ্রাহকদের সাথে লেনদেনের জন্য সহায়তা করতে পারে, আপনার ক্রেডিট রিপোর্ট বুঝে নিতে পারে, একটি বাজেট তৈরী করতে পারে, একটি ব্যাঙ্ক অ্যাকাউন্ট খুলে দিতে পারে এবং আরও অনেক কিছু করতে পারে। বিনামূল্যে অথবা স্বল্প খরচের আর্থিক শিক্ষা পাঠক্রমে এবং কর্মশালায় এবং নিরাপদ ব্যাঙ্কিং অ্যাকাউন্ট-এর জন্য এবং যোগদানের জন্য সাহায্য করতে দেখুন **nyc.gov/consumers**।

## #10 যদি কোন প্রকার ব্যবসার ক্ষেত্র আপনার কোন সমস্যার সমাধান না করতে পারে তবে আপনি একটি অভযোগ দাখিল করতে পারেন।

DCA তে একটি অভিযোগ দাখিল করতে যান **nyc.gov/consumers** অথবা **যোগাযোগ করুন 311** এই নম্বরে। DCA মিডিয়েটরগণ আপনাকে সহায়তা করবেন। আপনি বহুবিধ ভাষায় আপনার অভিযোগ দাখিল করতে পারেন।


**Consumer Affairs**

Bill de Blasio
Mayor

Lorelei Salas
Commissioner

42 Broadway, New York, NY 10004
**Visit nyc.gov/consumers**
**Contact 311** | (212) NEW-YORK (Outside NYC)

@NYCDCA